

বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট  
উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ

জনবল

পেস্ট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট:

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত পদ	বিদ্যমান পদ	শূণ্য পদ
১	মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা	১	-	১

উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত পদ	বিদ্যমান পদ	শূণ্য পদ
১	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা	১	-	১
২	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	১	১	-
৩	বৈজ্ঞানিক কর্মকর্তা	২	২	-
৪	মাঠ সহকারী	১	-	১
৫	গবেষণাগার সহকারী	১	১	-
৬	অফিস সহায়ক	১	১	-
	মোট জনবল =	৭	৫	২

ভিশণ:

বাংলাদেশে চায়ের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পরিবেশবান্ধব, সমন্বিত, টেকসই ও সাশ্রয়ীভাবে চায়ের রোগবালাই ও আগাছা দমনের মাধ্যমে চা শিল্পকে সহায়তা করা।

মিশণ:

- চায়ের রোগবালাই ও আগাছা সংক্রামনের আলোকে চায়ের স্বাভাবিক বৃদ্ধির অন্তরায়ের সম্ভাব্য সকল কারনসমূহ চিহ্নিতকরণ।
- চিহ্নিত সমস্যাবলীর সমাধান কল্পে চায়ের রোগবালাই ও আগাছা দমন সংক্রান্ত প্রায়োগিক গবেষণা করা।

উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের কর্মপরিধি:

- বাংলাদেশ চা ও চা আবাদীতে প্রয়োজনীয় অন্যান্য গাছের বিভিন্ন রোগবালাইসমূহ চিহ্নিত ও সনাক্ত করণ।
- বিভিন্ন রোগজীবানুসমূহ পৃথকীকরণ ও সনাক্তকরণ।
- রোগবালাই দ্বারা সংঘটিত শস্যের ক্ষতির পরিমাণ নিরূপন করা।
- রোগবালাই তথা জীবানুসমূহ দমন সংক্রান্ত গবেষণা কার্যক্রম প্রনয়ণ ও বাস্তবায়ন।
- চায়ের বিভিন্ন আগাছার প্রাদুর্ভাব ও আগাছা দ্বারা সংঘটিত শস্যের ক্ষতির পরিমাণ নিরূপন করা।
- উপযুক্ত ছত্রাকনাশক ও আগাছানাশক বাছাইকরণ এবং রোগবালাই ও আগাছা দমনে এদের সঠিক মাত্রা নির্ধারণ।
- মৃত্তিকাস্থ জীবানুর উপর বিভিন্ন ছত্রাকনাশক ও আগাছানাশকের প্রভাব বিশ্লেষণ করা।
- চায়ের রোগবালাই দমনে পরিবেশ বান্ধব জৈবিক দমন পদ্ধতি উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা প্রনয়ণ ও বাস্তবায়ন।
- আগাছা দমনে সমন্বিত পদ্ধতি উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা প্রনয়ণ ও বাস্তবায়ন।
- চা শিল্পের চাহিদা মোতাবেক রোগবালাই ও আগাছা দমনে প্রয়োজনীয় উপদেশ প্রদান, সেমিনার ও কর্মশালার মাধ্যমে প্রযুক্তি বিস্তার।
- বিটিআরআই ও পিডিইউ কর্তৃক আয়োজিত চা চাষাবাদ সংক্রান্ত বার্ষিক কোর্স ও ডিপ্লোমা কোর্সসমূহে রোগবালাই ও আগাছা দমনের উপর প্রশিক্ষণ প্রদান।
- চায়ের রোগবালাই দমনে ও উৎপাদন বৃদ্ধিতে মাইকোরাইজাল প্রযুক্তি ব্যবহার।

### উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের চলমান গবেষণা কার্যক্রম:

১. তৈরী চায়ের গুণাবলীর উপর অনুজীবের প্রভাব নির্ণয়।
২. রোগের আক্রমণের কারণে তৈরী চায়ের গুণাবলীর পরিবর্তন বিশ্লেষণ।
৩. চায়ের মৃত্তিকাবাহিত রোগ দমনে পিজিপি অনুজীব (Plant Growth Promoting Microbes) এর কার্যকারিতা মূল্যায়ন ও প্রভাব নির্ণয়।
৪. চায়ের পাতা পঁচা রোগের (Black rot) জীবানুর প্রতিকূল পরিবেশে টিকে থাকার পদ্ধতি ও অনুকূল পরিবেশে এর বিস্তার ও রোগ সৃষ্টির ক্ষমতা মূল্যায়ন।
৫. উপযুক্ত ছত্রাকনাশক ও আগাছানাশক বাছাইকরণ এবং রোগবালাই ও আগাছা দমনে এদের সঠিক মাত্রা নির্ধারণ।
৬. BecAno 500 SC প্রয়োগে চা আবাদীতে আগাছা দমন।
৭. চায়ের রোগবালাই দমনে ও উৎপাদন বৃদ্ধিতে মাইকোরাইজাল ইনোকুলাম উৎপাদন ও ব্যবহার।

### উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের অর্জন:

- বাংলাদেশের চায়ের বিভিন্ন রোগ এবং রোগের কারণসমূহ সনাক্ত করা হয়েছে।
- চায়ের রোগের জীবানুসমূহের পরিবেশগত সম্পর্ক নিরূপন করা হয়েছে।
- চায়ের প্রধান রোগসমূহ যথা ব্রাঞ্চ ক্যান্ডার, ব্লাকরট, গল, হর্সহেয়ার ব্লাইট এর দ্বারা ফসলহানির পরিমাণ নির্ণয় করা হয়েছে।
- রেডরাস্ট, গল, হর্সহেয়ার ব্লাইট রোগ দমনে সমন্বিত ব্যবস্থাপনা উন্নয়ন করা হয়েছে।
- বিটিআরআই কর্তৃক উদ্ভাবিত ক্লোনসমূহের মধ্যে চারটি ক্লোনের (বিটি ২, বিটি ৫, বিটি ৬ এবং বিটি ৮) রেডরাস্ট রোগের প্রতি সহনশীলতার মাত্রা নিরূপন করা হয়েছে।
- চা এবং চা আবাদীতে প্রয়োজনীয় অন্যান্য গাছের সাথে মাইকোরাইজাল ফানজাই যোগসূত্র নিরূপন করা হয়েছে।
- মৃত্তিকাস্থ জীবানুর উপর বিভিন্ন আগাছানাশকের প্রভাব বিশ্লেষণ করা হয়েছে।
- চারকল স্টাম্পরট ও গোড়াপঁচা রোগের জৈবিক দমনের ক্ষেত্রে *Trichoderma* এর কার্যকারিতা বিশ্লেষণ করা হয়েছে।
- অপরিমত চা আবাদীতে আগাছা সংক্রমণের কারণে ফসলহানির পরিমাণ নির্ণয় করা হয়েছে।
- অপরিমত চা আবাদীতে আগাছা দমনে সমন্বিত ব্যবস্থাপনা উন্নয়ন করা হয়েছে।
- চায়ের আগামরা রোগ দমনের বাসক গাছের পাতার নির্ধারিত কার্যকারিতা নিরূপন করা হয়েছে।
- বিভিন্ন প্রণিৎ ধরণ এবং ছত্রাকনাশকের সাথে সমন্বিতভাবে গল রোগ নিয়ন্ত্রনের কৌশল উন্নয়ন করা হয়েছে।
- অপরিমত চা আবাদীতে আগাছা দমনের সন্ধিক্ষণ সময় নিরূপন করা হয়েছে।

### উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের ভবিষ্যত গবেষণা পরিকল্পনা:

- চায়ের অন্যান্য সকল রোগ দ্বারা ফসলহানির পরিমাণ বিশ্লেষণ।
- চায়ের অন্যান্য সকল রোগ দমনে পরিবেশবান্ধব সমন্বিত ব্যবস্থাপনা উন্নয়ন।
- মাঠ পর্যায়ে চায়ের রোগ দমনে জৈবিক ব্যবস্থাপনা সম্প্রসারণ।
- চায়ের বিভিন্ন রোগের সাথে সম্পর্কিত বিভিন্ন এন্ডোফাইটস এবং অন্যান্য মাইক্রোবস এর সম্পর্ক নিরূপন।
- চায়ের বিভিন্ন রোগ দমনে পিজিপি অনুজীব (Plant Growth Promoting Microbes) এর কার্যকারিতা মূল্যায়ন ও ব্যবহার।
- চা শিল্পের উন্নয়নে জৈব ছত্রাকনাশক ও জৈব (মাইকোরাইজাল) সার তৈরি ও সরবরাহ।
- চা গাছের সাথে রোগের জীবানুসমূহের আন্ত-সম্পর্ক নিরূপন।
- তৈরি চা'তে ছত্রাকনাশকের রেসিডিউ মাত্রা বিশ্লেষণ।
- চায়ে চায়ের বিভিন্ন রোগ দমনে সংকেত পরিবাহী রাসায়নিকের ব্যবহার।

(মো: সাইফুল ইসলাম)

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান

উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ।